# সুনান আদ-দারাকুতনী

হাদিস নাম্বারঃ ৩৯৬

১. পবিত্রতা (كتاب الطهارة)

পরিচ্ছেদঃ ৪১. উভয়ের লজ্জাস্থান একত্রে মিলিত হলে গোসল ওয়াজিব হবে, যদিও বীর্যপাত না হয়

بَابٌ فِي وُجُوبِ الْغُسْلِ بِالْتِقَاءِ الْخِتَانَيْنِ وَإِنْ لَمْ يُنْزِلْ

## আরবী

حَدَّثَنَا الْحُسَيْنُ بْنُ إِسْمَاعِيلَ ، نَا يَعْقُوبُ بْنُ إِبْرَاهِيمَ ، نَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ ، نَا زَائِدَةُ بْنُ قُدَامَةَ ، عَنْ صَدَقَةَ بْنِ سَعِيدٍ ، نَا جُمَيْعُ بْنُ عُمَيْرٍ أَحَدُ بَنِي تَيْمِ اللَّهِ بْنِ ثَعْلَبَةَ ، قَالَ : دَخَلْتُ مَعَ أُمِّي وَخَالَتِي عَلَى عَائِشَةَ ، فَقَالَتْ عَائِشَةُ : " كَانَ رَسُولُ اللَّهِ ـ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ ـ يَتَوَضَّأُ وُضُوءَهُ لِلصَّلَاةِ ، ثُمَّ يُفِيضُ عَلَى رَأْسِهِ ثَلَاثَ مَرَّاتٍ ، وَنَحْنُ نُفِيضُ عَلَى رُءُوسِنَا خَمْسًا مِنْ أَجْلِ الضَّفْرَةِ

## বাংলা

৩৯৬(১২). আল-হুসাইন ইবনে ইসমাঈল (রহঃ) ... বনী তায়মুল্লাহ ইবনে ছা’লাবা গোত্রের জুমায়’ ইবনে উমায়ের (রহঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি আমার মা ও খালার সাথে আয়েশা (রাঃ)-র নিকট উপস্থিত হলাম। আয়েশা (রাঃ) বললেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম নামাযের উযুর ন্যায় উযু করতেন, তারপর মাথায় তিনবার পানি দিতেন। আর আমরা বেণীর কারণে আমাদের মাথায় পাঁচবার পানি ঢালি।

## ফুটনোট

* এই হাদীসের সনদ সহীহ, তবে জুমায় ইবনে উমায়ের আত-তায়মী আল-কূফী সম্পর্কে ইমাম তিরমিযী (রহঃ) বলেন, তার হাদীস হাসান। আবু হাতেম বলেন, তার হাদীস সঠিক। ইমাম বুখারী বলেন, এতে প্রশ্ন আছে। ইবনে হিব্বান ও ইবনে নুমায়ের বলেন, তিনি হাদীসশাস্ত্রে দুর্বল (অনুবাদক)।

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ জুমায়' ইবনে উমায়ের (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=80185

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন